

বজাও রে মোহন বাঁশি !

সারা দিবসক বিরহদহনদুখ মরমক তিয়াষ নাশি ॥
রিঝমন-ভেদন বাঁশরিবাদন কঁহা শিখলি রে কান ! -
হানে থিরথির, মরম-অবশকর লহু লহু মধুময় বাণ ।
ধসধস করতহ উরহ বিয়াকুলু, ঢুলু ঢুলু অবশ নয়ান ।
কত শত বরষক বাত সোঁয়ারয়, অধীর করয় পরান ।
কত শত আশা পূরল না বঁধু, কত সুখ করল পয়ান ।
পহু গো কত শত পীরিতযাতন হিয়ে বিঁধাওল বাণ ।
হৃদয় উদাসয়, নয়ন উছাসয় দারুণ মধুময় গান ।
সাধ যায় ইহ যমুনা-বারিম ডারিব দগধ পরান ।
সাধ যায় বঁধু, রাখি চরণ তব হৃদয়মাঝ হৃদয়েশ -
হৃদয়জুড়াওন বদনচন্দ্র তব হেরব জীবনশেষ ।
সাধ যায় ইহ চাঁদমকিরণে, কুসুমিত কুঞ্জবিতানে
বসন্তবায়ে প্রাণ মিশায়ব বাঁশিক সুমধুর তানে ।
প্রাণ ভৈবে মঝু বেণুগীতময়, রাধাময় তব বেণু ।
জয় জয় মাধব, জয় জয় রাধা, চরণে প্রণমে ভানু ॥

Parjaay: Bhanu Singher Padabali, Taal: Baitalik, Style: Pilu-Kirtan
Visit www.geetabitan.com for notation and other detail